গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১৮২/২০১৯-২০২০

ঢাকা ৫ মার্চ বৃহস্পতিবার ২০২০, ২১ ফাল্গুন ১৪২৬

১। এসএমই পণ্যমেলা উদ্বোধন : ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ৫ দফা নির্দেশনা প্রধানমন্ত্রীর
২। ভারতের সঙ্গে সম্পর্ক বন্ধুত্বের, দাসত্বের নয় : সেতুমন্ত্রী
৩। মৌসুমে পেঁয়াজ আমদানি বন্ধের বিষয়ে আলোচনা হচ্ছে : কৃষিমন্ত্রী
৪। মুজিববর্ষের অনুষ্ঠানে আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক থাকবে : নিরাপত্তা উপকমিটির সভায় স্বরাষ্ট্রমন্ত্রী
৫। গণমাধ্যম যাতে স্বাধীনভাবে কাজ করতে পারে সে লক্ষে কাজ করছে সরকার : তথ্যমন্ত্রী
৬। মন্ত্রিসভা কমিটিতে ৩৮৬ কোটি টাকার ৪ ক্রয় প্রস্তাব অনুমোদন
৭। জিএফআই'র অর্থ পাচারের তথ্য বস্তুনিষ্ঠ নয়: অর্থমন্ত্রী
৮। পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কাজ করুন : ব্যাংকারদের প্রতি অর্থমন্ত্রী
৯। মুজিববর্ষে অতিরঞ্জিত কিছু করবেন না : আলোচনাসভায় স্থানীয় সরকার মন্ত্রী
১০। করোনাভাইরাস মোকাবিলায় সরকারের সব প্রস্তুতি রয়েছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী
১১। করোনাভাইরাস মোকাবিলায় আমরা প্রস্তুত : স্বাস্থ্যমন্ত্রী
১২। 'করোনাভাইরাস মুক্ত' সনদ ছাড়া চার দেশ থেকে বাংলাদেশে প্রবেশ নিষেধ
১৩। প্রতিবেশীর সঙ্গে সুসম্পর্কে প্রাধান্য দেয় বাংলাদেশ : ডিক্যাব সেমিনারে পররাষ্ট্রমন্ত্রী
১৪। সন্দ্বীপের উদ্বাস্তুদের জন্য নতুন মডেলের একটি গুচ্ছগ্রাম প্রতিষ্ঠা করা হবে : ভূমিমন্ত্রী
১৫। ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরের হাজীপুর গ্রামে নতুন কূপ : জাতীয় গ্রিডে যোগ হবে দৈনিক ২০ মিলিয়ন ঘনফুট গ্যাস
১৬। রোহিঙ্গাদের জন্য যুক্তরাষ্ট্র ও ইইউ'র অতিরিক্ত সহায়তা ঘোষণা

১। এসএমই পণ্যমেলা উদ্বোধন : ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ৫ দফা নির্দেশনা প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা '৮ম জাতীয় এসএমই পণ্যমেলা-২০২০' উদ্বোধনকালে দেশের সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে এগিয়ে নিতে ৫ দফা নির্দেশনা দিয়েছেন। তিনি বলেন, এসএমই খাতে উৎপাদিত অনেক পণ্য বিশ্বমানের। এগুলোর সঙ্গে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য জড়িত। কাজেই এ খাত উন্নয়নে আমাদের বেশ কিছু ব্যবস্থা নিতে হবে। প্রধানমন্ত্রী গতকাল (৪ মার্চ বুধবার) রাজধানীর খামারবাড়িতে বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে ৯ দিনব্যাপী এ মেলার উদ্বোধন করেন। এসএমই পণ্যের প্রচার এবং স্থানীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তাদের এক ছাদের নিচে নিয়ে আসার লক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে এ বছর ৮ম জাতীয় এসএমই পণ্যমেলা হচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

২। ভারতের সঙ্গে সম্পর্ক বন্ধুত্বের, দাসত্বের নয় : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে আমাদের সম্পর্ক বন্ধুত্বের, দাসত্বের নয়। আমরা ভারতের সঙ্গে বন্ধুত্বের সম্পর্ক রক্ষা করতে গিয়ে দেশের স্বার্থের কথা ভুলে যাই না। ভারত আমাদের মুক্তিযুদ্ধের অকৃত্রিম বন্ধু। গতকাল (৪ মার্চ বুধবার) রাজধানীর ধানমন্ডির আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে এক অনুষ্ঠানে তিনি আরো বলেন, যারা ভারতে গিয়ে পানির কথা বলতে ভুলে গিয়েছিল, তারা আজ নরেন্দ্র মোদির বিরোধিতা করছে। তবে নরেন্দ্র মোদির নয়, বিএনপি প্রকৃতপক্ষে মুজিববর্ষের বিরোধিতা করছে। **সূত্র- ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৩। মৌসুমে পেঁয়াজ আমদানি বন্ধের বিষয়ে আলোচনা হচ্ছে : কৃষিমন্ত্রী

উৎপাদন এবং চাহিদা যাচাই করে মৌসুমে দেশে পেঁয়াজ আমদানি বন্ধের বিষয় বিবেচনা করা হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক। গতকাল (৪ মার্চ বুধবার) সচিবালয়ে মার্কিন রাষ্ট্রদূত রবার্ট আর্ল মিলারের নেতৃত্বে এক প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে কৃষিমন্ত্রী বলেন, দেশি পেঁয়াজ বাজারে আসা শুরু করলে পেঁয়াজের বাজার নিয়ন্ত্রণে আসবে। উৎপাদন মৌসুমে পেঁয়াজ আমদানি বন্ধ রাখা হবে কিনা এ প্রসঙ্গে তিনি বলেন, পেঁয়াজের মৌসুমে পেঁয়াজ আমদানি বন্ধের বিষয়ে আলোচনা হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৪। মুজিববর্ষের অনুষ্ঠানে আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক থাকবে: নিরাপত্তা উপকমিটির সভায় স্বরাষ্ট্রমন্ত্রী

মুজিব শতবর্ষের অনুষ্ঠান ঘিরে কোনো নাশকতার আশঙ্কা না থাকলেও আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক থাকবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন , গোয়েন্দাদের কাছ থেকে নাশকতার কোনো তথ্য পাওয়া যায়নি। এরপরও সার্বিক নিরাপত্তার অংশ হিসেবে সরকার সব ধরনের পদক্ষেপ নেবে। সোশ্যাল মিডিয়ায় অপপ্রচারকারীদের নজরদারি করা হবে। গতকাল (৪ মার্চ বুধবার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে গঠিত নিরাপত্তাবিষয়ক উপকমিটির সভা শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২),**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

৫। গণমাধ্যম যাতে স্বাধীনভাবে কাজ করতে পারে সে লক্ষে কাজ করছে সরকার : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, দেশের গণমাধ্যম যাতে স্বাধীনভাবে কাজ করতে পারে , সে লক্ষে কাজ করছে সরকার। গতকাল (৪ মার্চ বুধবার) রাজধানীর জাতীয় প্রেসক্লাবে 'স্বপ্নের সারথি শাহ আলমগীর' শীর্ষক স্মারক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি আরো বলেন, বিতর্ক ভিত্তিক সমাজের মাধ্যমে সমাজের পরিপূর্ণ বিকাশ ঘটে। বস্তুনিষ্ঠ সাংবাদিকতা বিতর্ক ভিত্তিক সমাজ গঠনে অপরিহার্য। এ বিষয়ে আমরা সম্মিলিতভাবে কাজ করতে পারি। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

৬। মন্ত্রিসভা কমিটিতে ৩৮৬ কোটি টাকার ৪ ক্রয় প্রস্তাব অনুমোদন

ঢাকায় সাবওয়ে নির্মাণ প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তিমূল্য বাড়ানোসহ ৪ ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে মোট ব্যয় হবে প্রায় ৩৮৬ কোটি টাকা। গতকাল (৪ মার্চ বুধবার) রাজধানীর শেরেবাংলানগরে অনুষ্ঠিত এ বৈঠকে সভাপতিত্ব করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সভায় চারটি ক্রয় প্রস্তাব ছাড়াও 'সাসেক সড়ক সংযোগ প্রকল্প' এর আওতায় 'এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চারলেনে উন্নীতকরণ' শীর্ষক প্রকল্পের পূর্ত কাজের দরপত্র পুনঃপ্রক্রিয়াকরণের একটি প্রস্তাব অনুমোদন দেয়া হয়। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১),

৭। জিএফআই'র অর্থ পাচারের তথ্য বস্তুনিষ্ঠ নয়: অর্থমন্ত্রী

যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সংস্থা গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্টেগ্রিটি (জিএফআই) বাংলাদেশ থেকে অর্থ পাচার সংক্রান্ত যে তথ্য প্রকাশ করেছে তা বস্তুনিষ্ঠ নয় বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেছেন , এ বিষয়ে তাদের জানা নেই। ঐ প্রতিবেদনের বস্তুনিষ্ঠতা নিয়ে প্রশ্ন তুলে অর্থমন্ত্রী বলেন, ধারণা থেকে অনেক কিছু বলা যায়। তারা (জিএফআই) ধারণা থেকে এ প্রতিবেদন দিয়েছে। গতকাল (৪ মার্চ বুধবার) শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থ মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫)।

৮। পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কাজ করুন : ব্যাংকারদের প্রতি অর্থমন্ত্রী

জাতির পিতার রেখে যাওয়া কাজ শেষ করতে তরুণ প্রজন্মকে আমাদের স্বপ্ন দেখাতে হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, দেশের পিছিয়ে পড়া মানুষকে আমাদের সামনে এগিয়ে নিয়ে আসতে হবে। যেসব মানুষ দেশের অর্থনীতির সঙ্গে সম্পৃক্ত না , তাদের অর্থনীতির সঙ্গে সম্পৃক্ত করাতে তরুণ প্রজন্ম কাজ করবে। আমাদের সবাইকে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে কাজ করতে হবে। ২০৪১ সালের মধ্যে সারা বিশ্বের মধ্যে আমরা উন্নত দেশের কাতারে থাকব। তিনি পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কাজ করতে ব্যাংকারদের প্রতি আহ্বান জানান। গতকাল (৪ মার্চ বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে সোনালী ব্যাংক লিমিটেডের বার্ষিক সম্মেলন -২০২০ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

৯। মুজিববর্ষে অতিরঞ্জিত কিছু করবেন না : আলোচনাসভায় স্থানীয় সরকার মন্ত্রী

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, মুজিববর্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে কেউ অতিরঞ্জিত কিছু করবেন না। বঙ্গবন্ধুর ছবি অপব্যবহার না করে তাঁকে হৃদয়ে ধারণ করবেন। গতকাল (৪ মার্চ বুধবার) রাজধানীর কাকরাইলে একটি হোটেলে মুজিববর্ষ উপলক্ষে 'বঙ্গবন্ধু বাঙালির হাজার বছরের অনুপ্রেরণা' শীর্ষক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র- **সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.৮)।

১০। করোনাভাইরাস মোকাবিলায় সরকারের সব প্রস্তুতি রয়েছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, দেশে করোনাভাইরাসের সংক্রমণ রোধে সরকার কাজ করে যাচ্ছে। করণীয় সব প্রস্তুতি নিয়ে রাখা হয়েছে- যদি কোনো রকম সংক্রমণ ঘটে সঙ্গে সঙ্গে যেন ব্যবস্থা নিতে পারি। তা যেন ছড়িয়ে না যায়। একইসঙ্গে যারা বিদেশ থেকে আসছেন তাদের পরীক্ষা না করে দেশে ঢুকতে দেওয়া হচ্ছে না। যেখানে কোয়ারেন্টাইন করা প্রয়োজন সেখানে তা করা হচ্ছে। এ ভাইরাস মোকাবিলায় সরকারের অত্যন্ত ভালো প্রস্তুতি রয়েছে। কিন্তু শুধু সরকারের প্রস্তুতি থাকলেই হবে না, ব্যক্তিপর্যায়েও সবাইকে সতর্কতা অবলম্বন করতে হবে। গতকাল (৪ মার্চ বুধবার) চাঁদপুর শিল্পকলা একাডেমিতে তিন দিনব্যাপী জাতীয় নজরুল সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.৮), **আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.১)।

১১। করোনাভাইরাস মোকাবিলায় আমরা প্রস্তুত : স্বাস্থ্যমন্ত্রী

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশও করোনাভাইরা স সংক্রমণের ঝুঁকিতে আছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তবে পরিস্থিতি মোকাবিলার জন্য বাংলাদেশ প্রস্তুত বলেও জানিয়েছেন তিনি। গতকাল (৪ মার্চ বুধবার) জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠানে (নিপসম) এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র -**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), নিউ নেশন (পৃ.৩,ক.১)।

১২। 'করোনাভাইরাস মুক্ত' সনদ ছাড়া চার দেশ থেকে বাংলাদেশে প্রবেশ নিষেধ

সিঙ্গাপুর ও সংযুক্ত আরব আমিরাতের পর এবার ইতালিতে এক বাংলাদেশি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। ফলে ইতালি, দক্ষিণ কোরিয়া, জাপান ও কুয়েত থেকে বাংলাদেশে প্রবেশের বিষয়ে কিছুটা বিধিনিষেধ জারি করেছে সরকার। এরই অংশ হিসেবে এ চার দেশের যাত্রীদের দেশে প্রবেশ করতে হলে 'করোনাভাইরাস মুক্ত' সনদ লাগবে। গতকাল (৪ মার্চ বুধবার) করোনাভাইরাস নিয়ে নিয়মিত সংবাদসম্মেলনে সরকারের জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদি সেব্রিনা ফ্লোরা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১৩। প্রতিবেশীর সঙ্গে সুসম্পর্কে প্রাধান্য দেয় বাংলাদেশ : ডিক্যাব সেমিনারে পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বাংলাদেশ প্রতিবেশীদের সঙ্গে সুসম্পর্কে প্রাধান্য দেয়। প্রতিবেশী দেশগুলোর ভেতরে কোনো ঘটনা ঘটলে অনেক ক্ষেত্রেই তার প্রভাব দেশে এসে পড়ে। সে ক্ষেত্রে গণতান্ত্রিক সরকার হিসেবে জনগণের কাছে জবাবদিহি করতে হয়। এ কারণেই বাংলাদেশ চায় প্রতিবেশী দেশগুলোতে এমন কোনো ঘটনা না ঘটুক, যার কারণে জবাবদিহি করতে কষ্ট হয়। গতকাল (৪ মার্চ বুধবার) জাতীয় প্রেসক্লাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী কূটনীতিতে এক দশকে বিশ্ব মঞ্চে বাংলাদেশের উজ্জ্বল উপস্থিতি' শিরোনামে আয়োজিত সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র- **সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

১৪। সন্দ্বীপের উদ্বাস্তুদের জন্য নতুন মডেলের একটি গুচ্ছগ্রাম প্রতিষ্ঠা করা হবে : ভূমিমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল হিসেবে পরিচিত। জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে নিরলস কাজ করছেন প্রধানমন্ত্রী। সবাই মিলে তাঁর হাতকে শক্তিশালী করতে হবে। গতকাল (৪ মার্চ বুধবার) সন্দ্বীপ উপজেলা আওয়ামী লীগ আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। চট্টগ্রাম-নোয়াখালী আন্তঃজেলা সীমানা বিরোধ নিরসন প্রসঙ্গে মন্ত্রী অবিলম্বে এর স্থায়ী সমাধানে উদ্যোগ গ্রহণের প্রতিশ্রুতি দেন। এ সময় তিনি সন্দ্বীপের উদ্বাস্তুদের জন্য নতুন মডেলের একটি গুচ্ছগ্রাম প্রতিষ্ঠা করা হবে বলেও জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫)।

১৫। ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরের হাজীপুর গ্রামে নতুন কূপ : জাতীয় গ্রিডে যোগ হবে দৈনিক ২০ মিলিয়ন ঘনফুট গ্যাস

কুমিল্লার মুরাদনগর উপজেলার বাঙ্গরা গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট দিয়ে নতুন করে জাতীয় গ্রিডে যোগ হবে দৈনিক ২০ মিলিয়ন ঘনফুট গ্যাস। মঙ্গলবার পার্শ্ববর্তী নবীনগর উপজেলার হাজীপুর গ্রামে নতুন এ গ্যাস কূপের সন্ধান পায় রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স)। গত ৩ মার্চ মঙ্গলবার গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

১৬। রোহিঙ্গাদের জন্য যুক্তরাষ্ট্র ও ইইউ'র অতিরিক্ত সহায়তা ঘোষণা

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য আরো ৫ কোটি ৯০ লাখ ডলার অর্থ সহায়তার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। গতকাল (৪ মার্চ বুধবার) ঢাকায় এক সাংবাদিকসম্মেলনে এ তথ্য জানান বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার। এদিকে রোহিঙ্গাদের জন্য অতিরিক্ত আরো ৩১ মিলিয়ন ইউরো সহায়তার ঘোষণা দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। গতকাল ইউরোপীয় কমিশন এ তথ্য জানিয়েছে। সূত্র -**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন** : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীকে ' মুজিববর্ষ' হিসেবে ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসি নগর কর্তৃপক্ষ উল্লেখ করে এ অর্জন বাঙালির জন্য গৌরব ও সম্মানের বলে মতপ্রকাশ।

খ. **ইত্তেফাক, বণিক বার্তা :** পৃথিবীর বিভিন্ন দেশে মহামারী আকারে ছড়িয়ে পড়া করোনাভাইরাসে মৃতের সংখ্যা ৩ হাজার ২০০ ছাড়িয়ে গেছে এবং আক্রান্ত হয়েছে প্রায় ৯৩ হাজার উল্লেখ করে এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশে করোনাভাইরাস মোকাবিলায় যথাযথ প্রস্তুতির ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** দেশের কারাগারগুলোতে ধারণ ক্ষমতার দ্বিগুণের বেশি বন্দি রয়েছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে কারাগারের সংখ্যা বাড়ানোর সাথে সাথে দ্রুত বিচার নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ** : কার্যকর উদ্যোগ গ্রহণ না করলে এবার বর্ষা মৌসুমে ঢাকায় ডেঙ্গুর প্রকোপ গত বছরের চেয়ে ভয়াবহ রূপ ধারণ করতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন বিশেষজ্ঞরা উল্লেখ করে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতার পাশাপাশি দীর্ঘমেয়াদি পরিকল্পনার সুপারিশ।

ঙ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : অনলাইন ব্যবসার মাধ্যমে বিক্রি হওয়া ৮টি বিদেশি ব্র্যান্ডের ত্বক ফর্সাকারী ক্রিমের মধ্যে ক্ষতিকর উপাদানের অস্তিত্ব থাকায় বিএসটিআই এর এসব পণ্য বিক্রি বন্ধের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে নকল ও ভেজাল বিরোধী অভিযান নিয়মিত রাখার সুপারিশ।

চ. **বাংলাদেশ টুডে, নিউজ টুডে** : দখল ও দূষণের কবল থেকে ঢাকার চারপাশের নদীগুলোকে সুরক্ষার ওপর গুরুত্বারোপ।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'পরিবেশবান্ধব বায়োডিগ্রেডেবল পলিথিন'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বায়োডিগ্রেডেবল বা পচনশীল পলিথিনের ব্যবহার করে আমরা পৃথিবীকে আরো সবুজ ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য পরিবেশ উপহার দিতে পারি।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা